



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৫.১৮. ১৬৩(১)

তারিখ: ১২/০৯/২০১৮ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে কর্মরত প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের দায়িত্ব পালনে গাফিলতির জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপী বৃদ্ধি ও বাস্তবায়ন অগ্রগতি (সমিতি গঠন, সদস্য ভর্তি ও সঞ্চয় আদায়) ব্যাহত হওয়াসহ ঋণ তহবিলের যথাযথ ব্যবহার নিশ্চিত না করায় ইতোপূর্বে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে স্মারক নং ৩০৩ তারিখ: ১৯/০৪/১৮, স্মারক নং ৩০৪ ও ৩০৪(১) তারিখ: ১৯/০৪/১৮ ও স্মারক নং ৩২৯ তারিখ: ২৬/০৪/১৮ খ্রিঃ মূলে কিছু সংখ্যক কর্মকর্তা-কর্মচারীর বেতন ভাতার আংশিক স্থগিত করা হয়। এছাড়া আগস্ট'২০১৮ পর্যন্ত কার্যক্রম পর্যালোচনা করে দেখা যায় উপজেলায় কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপী হ্রাস/বৃদ্ধি পেয়েছে। তাই কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপী'র হ্রাস/বৃদ্ধি বিবেচনা করে কর্মসূচির সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের বেতন ভাতার আংশিক স্থগিত/ স্থগিতকৃত আংশিক বেতন ভাতার হ্রাস/বৃদ্ধি/ বাতিল করা হলো।

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা

ক্র: নং	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার নাম	উপজেলার নাম	জেলার নাম	পূর্বের বেতন ভাতা স্থগিতের পরিমাণ	বর্তমান বেতন ভাতা স্থগিতের পরিমাণ
১	নুসরাত নওশিন সুবর্ণা	মেহেন্দীগঞ্জ	বরিশাল	১৫%	১০%
২	তরুন কান্তি বৈদ্য	আগৈলঝাড়া		১০%	১০%
৩	ইউনুচ আলী	ঝালকাঠী সদর	ঝালকাঠী	০	৫%
৫	হানিফা	আমতলী	বরগুণা	১০%	১০%
৬	শাহাদাত হোসেন	বামনা		২০%	১০%
৭	সঞ্জীব (এটিসি)	বোরহানউদ্দিন	ভোলা	০	৫%
৮	চিন্ময় মন্ডল	চরফ্যাশন		১৫%	১০%
৯	তন্ময় কান্তি মিরবর	বাগেরহাট সদর	বাগেরহাট	০	৫%
১০	সঞ্জয় কুমার মজুমদার	নাজিরপুর	পিরোজপুর	১০%	১০%
১১	আল মামুন	মঠবাড়িয়া		১৫%	১০%
১২	মোঃ জুলফিকার আলী	বাঘারপাড়া	যশোর	০	১০%
১৩	অনুপ কুমার লস্কর	চৌগাছা		১০%	১০%
১৪	মোঃ তরিকুল ইসলাম	মনিরামপুর	নড়াইল	০	৫%
১৫	মোঃ জিল্লুর রহমান	নড়াইল সদর		০	৫%
১৬	মুহাম্মদ ইকবাল কবীর	পাইকগাছা	খুলনা	০	১০%
১৭	আবু সুফিয়ান	ডুমুরিয়া		২০%	০
১৮	নাজমুন নাহার ইরানী	বাউফল	পটুয়াখালী	১০%	০
১৯	মোঃ নেছার উদ্দীন	দশমিনা		১০%	০
২০	মোঃ মাহবুবুর রহমান	মির্জাগঞ্জ		১০%	১৫%
২১	মোঃ হাফিজুর রহমান	দুমকি		১০%	১০%
২২	মোঃ ইদ্রিচ	কলাপাড়া	মাগুড়া	১০%	৫%
২৩	কল্পনা খাতুন	মহম্মদপুর		১০%	০
২৪	রফিকুল ইসলাম	চুয়াডাঙ্গা সদর	চুয়াডাঙ্গা	১০%	১০%

শর্তাবলী :


০১। বর্ণিত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের সাকুল্য বেতন হতে বর্তমানে স্থগিতকৃত বেতন সফটওয়্যারে Postponed Salary Payable (891) কোডে জমা রাখতে হবে।

০২। কর্মকর্তাদের স্থগিতকৃত বেতন এবং যে সকল কর্মকর্তার স্থগিতাদেশ প্রত্যাহার বা হ্রাস করা হয়েছে তাদের স্থগিতকৃত বেতন ভাতা জামানত হিসেবে সংরক্ষিত থাকবে, যা কর্মসূচি হতে চূড়ান্তভাবে অব্যাহতিগ্রহণকালে তাদের কর্মকালীন ঋণ বিতরণে অনিয়মের জন্য মেয়াদোত্তীর্ণ খেলাপী হওয়ার বিষয়টি প্রমাণিত হলে অথবা কোন দায় দেনা উৎঘাটিত হলে তাদের উক্ত জামানতকৃত অর্থ থেকে মেয়াদোত্তীর্ণ খেলাপী/দায়দেনার বিপরীতে সমন্বয় করা হবে।

০৩। প্রকল্প দপ্তরের অনুমোদন ব্যতীত স্থগিতকৃত বেতনভাতা যা জামানত হিসেবে সংরক্ষিত থাকবে তা কোনক্রমেই উপজেলা বা জেলা দপ্তর প্রদান করতে পারবে না।

০৪। ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত আদেশ বাতিল বলিয়া গণ্য হবে।

প্রকল্পের স্বার্থে মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোনঃ ০২-৮১৮০১৪৪

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৫.১৮


তারিখঃ ১২/০৯/২০১৮ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ----- (প্রকল্পভূক্ত সকল জেলা)।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ -----জেলাঃ ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----জেলাঃ ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. পরিচালক (প্রশাসন/সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


মোহাম্মদ আতিকুর রহমান
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন : ৮১৮০১৪৩